গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ১৯ মে ২০১৫, ৫ জ্যৈষ্ঠ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সব বাধা অতিক্রম করে বাংলাদেশ এগিয়ে যাবে : প্রধানমন্ত্রী

২। মন্ত্রিসভায় বাংলাদেশ-ভারত সংশোধিত নৌ ট্রানজিট অনুমোদিত

৩। ছয় বছরে জীবনযাত্রার মান বেড়েছে আশাতীত : অর্থমন্ত্রী

৪। পণ্যের মজুদ পর্যাপ্ত, রমজানে দাম বাড়বে না : বাণিজ্যমন্ত্রী

৫। টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে একযোগে কাজ করতে হবে : স্পিকার

৬। দেশের এসএমই খাতে প্রযুক্তি সহায়তা দিতে আগ্রহী কানাডা

৭। বাংলাদেশে ২৩ পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা পেল ভারত
: বাংলাদেশ-ভারত বাণিজ্য সচিব পর্যায়ের বৈঠক

৮। বিএনপির যুগ্ম-মহাসচিব সালাহ উদ্দিনকে তৃতীয় কোনো দেশে নিয়ে যাওয়ার চিন্তা পরিবারের

৯। ফাঁস হওয়া প্রশ্নে এইচএসসির একাউন্টিং পরীক্ষা অনুষ্ঠিত

১০। সিলেটে নিজ শয়নকক্ষে তাবলীগ নেতার গলাকাটা লাশ উদ্ধার

১১। টিআইবির পর্যবেক্ষণ প্রতিবেদনে তিন সিটি নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি

চলমান পাতা/২

১। সব বাধা অতিক্রম করে বাংলাদেশ এগিয়ে যাবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যত বাধাই আসুক, সব বাধা অতিক্রম করে বাংলাদেশ এগিয়ে যাবে। বিশ্বে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত হবে বাংলাদেশ। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হবে বলে আশা প্রকাশ করেন তিনি। গতকাল ১৮ মে সোমবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস এবং আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়নের (আইটিইউ) ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

২। মন্ত্রিসভায় বাংলাদেশ-ভারত সংশোধিত নৌ ট্রানজিট অনুমোদিত

ভারত বা বাংলাদেশের নৌপথ ব্যবহার করে তৃতীয় কোনো দেশে পণ্য পরিবহণের সুযোগ রেখে দুই দেশের নৌ-ট্রানজিট প্রটোকল সংশোধনের প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। একই সঙ্গে এ প্রটোকলের মেয়াদ তিন বছর থেকে বাড়িয়ে পাঁচ বছর করার প্রস্তাব অনুমোদন করেছে। গতকাল ১৮ মে সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩)।

৩। ছয় বছরে জীবনযাত্রার মান বেড়েছে আশাতীত : অর্থমন্ত্রী

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে উন্নত দেশগুলোর সহযোগিতা আরও বাড়ানো প্রয়োজন। দারিদ্র্যবিমোচন, শিশুমৃত্যু হারহ্রাস, মাতৃস্বাস্থ্য, শিক্ষা এবং চিকিৎসা ক্ষেত্রে বাংলাদেশ সাফল্য পেয়েছে। মাথাপিছু আয় বেড়েছে, মধ্যম আয়ের দেশ হতে যাচ্ছে বাংলাদেশ। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর গত ছয় বছরে জীবনযাত্রার মানোন্নয়ন হয়েছে। এই অর্জন ধরে রাখতে হলে উন্নত বিশ্বের সহযোগিতা বাড়াতে হবে। গতকাল ১৮ মে সোমবার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে দক্ষিণ-দক্ষিণ ও ত্রিমুখী সহযোগিতা বিষয়ক আন্তর্জাতিক সভার সমাপনী অনুষ্ঠান শেষে প্রেস ব্রিফিংয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬)।

৪। পণ্যের মজুদ পর্যাপ্ত, রমজানে দাম বাড়বে না : বাণিজ্যমন্ত্রী

আসন্ন রমজানে বাজারে নিত্যপণ্যের দাম বাড়ছে না বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেছেন, রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য স্বাভাবিক থাকবে এবং পণ্যের দাম বাড়বে না। গতকাল ১৮ মে সোমবার নিজ কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), যায়যায়দিন (পৃ.৩,ক.৬), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৬)।

৫। টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে একযোগে কাজ করতে হবে : স্পিকার

সিপিএ চেয়ারপার্সন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সমগ্র বিশ্বে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে এবং আইনের শাসন ও মানবাধিকারকে নিশ্চিত করে টেকসই উন্নয়নকে নিশ্চিত করতে সিপিএভুক্ত দেশগুলোর পার্লামেন্টকে একযোগে কাজ করতে হবে। গতকাল ১৮ মে সোমবার কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) ২৬তম বার্ষিক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে স্পিকার এসব কথা বলেন। চার দিনব্যাপী এই সেমিনারে কমনওয়েলথভুক্ত ১৮টি দেশের অর্ধশতাধিক সংসদ সদস্য অংশ নিচ্ছেন। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.৪), সমকাল (পৃ.৩,ক.২), নিউ নেশন (পৃ.৩,ক.৬)।

৬। দেশের এসএমই খাতে প্রযুক্তি সহায়তা দিতে আগ্রহী কানাডা

বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে অত্যাধুনিক প্রযুক্তি স্থানান্তরে আগ্রহী কানাডা। বাংলাদেশে নিযুক্ত কানাডিয়ান হাইকমিশনার বেনওয়া পিয়ের লাঘামের সঙ্গে বৈঠক শেষে শিল্পমন্ত্রী আমির হোসেন আমু গতকাল ১৮ মে সোমবার সাংবাদিকদের এ কথা জানান। শিল্প মন্ত্রণালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৪), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.৮), বাংলাদেশ টুডে (পৃ.২,ক.৫)।

৭। বাংলাদেশে ২৩ পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা পেল ভারত

: বাংলাদেশ-ভারত বাণিজ্য সচিব পর্যায়ের বৈঠক

ভারত-বাংলাদেশে ২৩ পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা পাবে। বাংলাদেশ-ভারত বাণিজ্য সচিব পর্যায়ের দ্বিপক্ষীয় বৈঠকে গত ১৭ মে রোববার এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জানা যায়, ভারত দীর্ঘদিন ধরে তাদের রপ্তানিকৃত ২২৫ পণ্যের ওপর শুল্কমুক্ত সুবিধার দাবি জানিয়ে আসছিল। কিন্তু দেশীয় পণ্যকে সুরক্ষা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ এসব পণ্যে শুল্কমুক্ত সুবিধা দিচ্ছিল না। তবে এবারের বৈঠকে ভারতের স্পর্শকাতর ২২৫ পণ্য তালিকা থেকে ২৩ পণ্যকে ছাড় দেওয়া হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৫), যুগান্তর (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৮। বিএনপির যুগ্ম-মহাসচিব সালাহ উদ্দিনকে তৃতীয় কোনো দেশে নিয়ে যাওয়ার চিন্তা পরিবারের

নিখোঁজ হওয়ার ৭০ দিন পর শিলংয়ের সিভিল হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির যুগ্ম-মহাসচিব সালাহ উদ্দিন আহমেদের সঙ্গে দেখা করেন তার স্ত্রী হাসিনা আহমেদ। এ সময় হাসিনা আহমেদ জানান, আইনি প্রক্রিয়ায়

তিনি তার স্বামীকে চিকিৎসার জন্য তৃতীয় কোনো দেশে নিয়ে যেতে চান। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৭), সমকাল (পৃ.১,ক.৭), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.১)।

৯। ফাঁস হওয়া প্রশ্নে এইচএসসির একাউন্টিং পরীক্ষা অনুষ্ঠিত

কঠোর শাস্তির ঘোষণা দিয়েও প্রশ্ন ফাঁস ঠেকানো গেল না। পরীক্ষার আগের রাতে ফেসবুকে যে প্রশ্ন পাওয়া গেল, সেই প্রশ্নেই নেওয়া হল এইচএসসির হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক পরীক্ষা। গতকাল ১৮ মে সোমবার বেলা ১টায় পরীক্ষা শেষে বেরিয়ে একাধিক পরীক্ষার্থী সাংবাদিকদের কাছে এ তথ্য প্রকাশ করে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৪), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)। ইত্তেফাক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। সিলেটে নিজ শয়নকক্ষে তাবলীগ নেতার গলাকাটা লাশ উদ্ধার

গত এক সপ্তাহে সিলেট নগরীতে তিনটি খুনের ঘটনা ঘটেছে। পর পর খুনের ঘটনায় নগরীতে উদ্বেগ ও আতংক বিরাজ করছে। সাধারণ মানুষের মধ্যে নানা প্রশ্ন ঘুরে বেড়াচ্ছে। ইব্রাহিম আবু খলিল নামে এক ব্যক্তির গলাকাটা লাশ তারই শয়নকক্ষ থেকে গতকাল ১৮ মে সোমবার সকালে উদ্ধার হলে নতুন মাত্রায় সর্বত্র আতংক দেখা দেয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), প্রথম আলো (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.৪,ক.৩), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

১১। টিআইবির পর্যবেক্ষণ প্রতিবেদনে তিন সিটি নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি

ঢাকা উত্তর, দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি বলে জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। এ ক্ষেত্রে নির্বাচন কমিশন (ইসি) নির্বাচনী দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে বলেও টিআইবির প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। গতকাল ১৮ মে সোমবার রাজধানীর ধানমন্ডির মাইডাস সেন্টারে তিন সিটি কর্পোরেশনের নির্বাচন প্রক্রিয়া পর্যবেক্ষণ সংক্রান্ত এক গবেষণা প্রতিবেদনে টিআইবি এ তথ্য প্রকাশ করে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৪), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.৩,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : রাজধানী ঢাকার অসহনীয় যানজট রোধ করতে ট্রাফিক ব্যবস্থাপনায় শৃঙ্খলা ও ট্রাফিক আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক, সংবাদ, যায়যায়দিন, ডেইলি সান, ডেইলি অবজারভার, ডেইলি সান : অবৈধভাবে মানবপাচার রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : দেশের জনসংখ্যার প্রায় অর্ধেক নারী সমাজকে জাতীয়-অর্থনীতিতে অবদানের সুযোগ সৃষ্টির জন্য নানা কর্মপন্থার পাশাপাশি কারিগরি শিক্ষার মাধ্যমে কর্মোপযুক্ত করা প্রয়োজন বলে মন্তব্য;

ঘ. সংবাদ : বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে অনিয়ম, দুর্নীতি, প্রতারণার কারণে তা একটি স্থায়ী লোকসানি প্রতিষ্ঠানে পরিণত হওয়ায় এ ব্যাপারে যথাযথ তদন্তের সুপারিশ;

ঙ. যায়যায়দিন, নিউ এজ : রাজধানী দূষণের অন্যতম কারণ রাজধানীর ট্যানারিশিল্প স্থানান্তর প্রক্রিয়া দ্রুত কার্যকর করার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, সমকাল : আবদুল কাদের নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থীর ওপর অমানবিক নির্যাতনকারী পুলিশের ওসি হেলাল উদ্দিনের শাস্তি হওয়ায় সন্তুষ্টি প্রকাশ করে পুলিশ বিভাগের বিভিন্ন ধরনের অন্যায় প্রতিরোধে ব্যাপক সংস্কারের সুপারিশ;

ছ. নিউ নেশন, নিউ এজ, ইনকিলাব : অপরিপক্ক ফল পাকাতে বিষাক্ত কেমিক্যাল কার্বাইড যাতে ব্যবহৃত হতে না পারে সেজন্য ২০০৩ সালের কার্বাইড আইন সংশোধনের যে উদ্যোগ নেওয়া হয়েছে তার প্রয়োগ যথাযথভাবে যাতে নিশ্চিত হয় সে প্রত্যাশা ব্যক্ত;

জ. ইন্ডিপেনডেন্ট : অল্প বৃষ্টিতেই রাজধানীতে যে জলাবদ্ধতার সৃষ্টি হয় তা দূর করতে ড্রেনেজ ব্যবস্থা উন্নত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে অবৈধ মানব পাচার একটি জটিল মানবিক সমস্যা হওয়ায় তা কূটনৈতিক জটিলতার জন্ম দিতে পারে এ আশঙ্কায় অবিলম্বে স্থায়ীভাবে তা সমাধানের উদ্যোগ নিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত 'নৈতিক শিক্ষার অভাব ও অবক্ষয়' শিরোনামের নিবন্ধে আফতাব চৌধুরী বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষাসমৃদ্ধ প্রগতি ও নৈতিক দৃঢ়তা এবং নীতি শিক্ষার মর্যাদা দুইই আমাদের সংস্কৃতির পরমায়ুর জন্য প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা